সদর দপ্তর
বাংলাদেশ কোস্ট গার্ড
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭

ফোন ঃ ৪১০২৫৬৩৮ ফ্যাক্স ঃ ৪১০২৫৬০১
ই-মেইল ঃ dg@coastguard.gov.bd

১৪ চৈত্র ১৪৩০

৪৪.০৮.২৬৮০.০০১.২২.০০১.২৪.২০ ২৮ মার্চ ২০২৪

**অফিস আদেশ- জনাব মোঃ মোশারফ হোসেন, এমটিডি (ব্যক্তিগত নং-২০১১০১)**

সূত্র ঃ

ক। কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০।
খ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং-৪৪.০৮.২৬৮০.০০৪.১২.০০১.২৩.২৮ তারিখ ০৬ ফেব্রুয়ারি ২০২৩।
গ। জোনাল কমান্ডার পূর্ব জোন পত্র নং-৪৪.০৮.১৫৬১.২০০.৩৬.০০৭.২৩.১৪০ তারিখ ১৬ মার্চ ২০২৩।
ঘ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং-৪৪.০৮.২৬৮০.০০৪.১২.০০১.২৩.১০২ তারিখ ১০ এপ্রিল ২০২৩।
ঙ। জোনাল কমান্ডার পূর্ব জোন পত্র নং-৪৪.০৮.১৫৬১.২০০.৩৬.০০৭.২৩.১৩৮৫ তারিখ ১৮ এপ্রিল ২০২৩।
চ। তদন্ত কর্মকর্তার কার্যালয় পূর্ব জোন পত্র নং-পিএফ/২০২৪/২০২৩/১১ তারিখ ২০ জুলাই ২০২৩।
ছ। কোস্ট গার্ড সদর দপ্তর পত্র নং-৪৪.০৮.২৬৮০.০৪০.৬৬.০০১.২৪.৪২৬ তারিখ ২০ ফেব্রুয়ারি ২০২৪।
জ। জোনাল কমান্ডার পূর্ব জোন পত্র নং-৪৪.০৮.১৫৬১.২০০.০৭.০০৩.২৪.১৪১ তারিখ ০৪ মার্চ ২০২৪।

১। যেহেতু, জনাব মোঃ মোশারফ হোসেন, এমটিডি (ব্যক্তিগত নং-২০১১০১) বাংলাদেশ কোস্ট গার্ড পূর্ব জোনে কর্মরত থাকাকালীন গত ২০ এপ্রিল ২০২২ আনুমানিক ০৯০০ ঘটিকায় কোস্ট গার্ড ট্রাক (ঢাকা, মেট্রো-অ-১১-৪৫১৫) নিয়ে রায়পুর, লক্ষীপুর থেকে রওনা দিয়ে বিসিজি বেইস চট্টগ্রামে ফেরত আসার পথে বাড়বকুন্ড, সীতাকুন্ড নামক স্থানে আনুমানিক ১৪০০ ঘটিকায় অসাবধানতার কারণে একটি লং লরির সাথে দুর্ঘটনায় পতিত হয়ে সর্বমোট টাকা ৬৭,০০০/০০ (টাকা সাতষট্টি হাজার মাত্র) সরকারের আর্থিক ক্ষতি সাধন করেন; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০' এর প্রবিধান ৩৯(ক) অনুসারে 'দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রাথমিক তদন্ত প্রতিবেদন পাওয়া যায়; এবং

৩। যেহেতু, উপর্যুক্ত অপরাধে প্রাথমিক তদন্তের প্রতিবেদন অনুযায়ী 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০' এর প্রবিধান ৩৯(ক) অনুসারে 'দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী' এর অভিযোগে অভিযুক্ত করে একই প্রবিধানমালার প্রবিধান ৪৩(১)(খ) অনুযায়ী অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান কর্মস্থলে প্রেরণ করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে জনাব মোঃ মোশারফ হোসেন, এমটিডি (ব্যক্তিগত নং-২০১১০১) এর দাখিলকৃত জবাব পর্যালোচনায় তা সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য ০২ (দুই) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ২০ জুলাই ২০২৩ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে জনাব মোঃ মোশারফ হোসেন, এমটিডি (ব্যক্তিগত নং-২০১১০১) এর বিরুদ্ধে 'কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০' এর প্রবিধান ৩৯(ক) অনুসারে 'দায়িত্ব পালনে অবহেলার দায়ে দোষী' এর অভিযোগের সত্যতা থাকায় একই প্রবিধানমালার প্রবিধান ৪৩(৬) মোতাবেক তাকে 'আর্থিক ক্ষতির অংশ বিশেষ তার বেতন খাত হতে আদায়করণ' গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহনক্রমে ২য় কারণ দর্শানোর নোটিশ জারি করে ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে লিখিতভাবে জাবাব দাখিলের জন্য নির্দেশ দেওয়া হয়; এবং

৫। যেহেতু, অভিযুক্ত কর্মচারী গত ০৪ মার্চ ২০২৪ তারিখে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জনাব মোঃ মোশারফ হোসেন, এমটিডি (ব্যক্তিগত নং-২০১১০১)- কে 'আর্থিক ক্ষতির অংশ বিশেষ তার বেতন খাত হতে আদায়করণ' এর গুরুদন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়; এবং



CamScanner

৬। যেহেতু, জনাব মোঃ মোশারফ হোসেন, এমটিডি (ব্যক্তিগত নং-২০১১০১) এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার কারণ দর্শানোর জবাব, বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট কাগজপত্র, ব্যক্তিগত শুনানি এবং কর্মচারীর আর্থিক অবস্থা বিবেচনায় কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৪০(১)(খ)(আ) মোতাবেক 'আর্থিক ক্ষতির অংশ বিশেষ তার বেতন খাত হতে আদায়করণ' {ট্রাকটি মেরামতের সর্বমোট টাকা ৬৭,০০০/০০ (টাকা সাতষট্টি হাজার মাত্র) এর ১৫% অর্থাৎ মোট টাকা ১০,০৫০/০০ (টাকা দশ হাজার পঞ্চাশ মাত্র) প্রতি মাসে টাকা ১,০০৫/০০ (টাকা এক হাজার পাঁচ মাত্র) হারে সর্বমোট ১০ (দশ) কিস্তিতে আদায়} করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

৭। সেহেতু, জনাব মোঃ মোশারফ হোসেন, এমটিডি (ব্যক্তিগত নং-২০১১০১)- কে কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৪০(১)(খ)(আ) মোতাবেক আদেশ জারির তারিখ হতে 'আর্থিক ক্ষতির অংশ বিশেষ তার বেতন খাত হতে আদায়করণ' এর {ট্রাকটি মেরামতের সর্বমোট টাকা ৬৭,০০০/০০ (টাকা সাতষট্টি হাজার মাত্র) এর ১৫% অর্থাৎ মোট টাকা ১০,০৫০/০০ (টাকা দশ হাজার পঞ্চাশ মাত্র) প্রতি মাসে টাকা ১,০০৫/০০ (টাকা এক হাজার পাঁচ মাত্র) হারে সর্বমোট ১০ (দশ) কিস্তিতে আদায়} আদেশ প্রদান করা হলো।

৮। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মীর এরশাদ আলী
রিয়ার এডমিরাল
মহাপরিচালক

বিতরণ ঃ
বহিস্থ ঃ
কার্য ঃ

জোনাল কমান্ডার পূর্ব জোন
অধিনায়ক, বিসিজি বেইস চট্টগ্রাম } - (এতদ্বিষয়ে গুরুদন্ড কার্যকরকরতঃ এবং অন্যান্য প্রশাসনিক কার্যাদি নিরূপণকরতঃ পার্সোনেল পরিদপ্তরে অবহিতকরণের নির্দেশনাসহ)।

জনাব মোঃ মোশারফ হোসেন, এমটিডি (ব্যক্তিগত নং-২০১১০১)
কোস্ট গার্ড পূর্ব জোন

অন্তস্থ ঃ
অবগতি ঃ

উপ-মহাপরিচালকের কার্যালয়
পরিচালক (লজিস্টিকস্) - বেতন ও আর্থিক বিষয়াদি নিরূপনের নির্দেশনাসহ।
পরিচালক (পার্সোনেল)
পরিচালক (গোয়েন্দা)
পরিচালক (আইটি ও যোগাযোগ) - কোস্ট গার্ড ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ।
জাজ অ্যাডভোকেট জেনারেল



CamScanner